**সেনাসদর, ই ইন সি'র শাখা**
**পূর্ত পরিদপ্তর, ঢাকা সেনানিবাস**
**ঢাকা-১২০৬**

# নিয়োগ বিজ্ঞপ্তি

নম্বর: ২৩.০১.৯০১.০৫৬.০১.১৮৮.০৭.২৯.১০.২০ তারিখঃ ২৯ অক্টোবর ২০২০

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন মিলিটারী ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এ নিম্নবর্ণিত পদসমূহে সাময়িক ভিত্তিতে নিয়োগের নিমিত্ত আগ্রহী প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত/সিভি আহবান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ক। | সহকারী প্রকৌশলী বি/আর (সাময়িক)<br>Assistant Engineer B/R (Casual)<br>সর্বসাকুল্য নির্ধারিত বেতন ২৭,১০০/- | ১৩ (তের) টি | সরকার কর্তৃক স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল) পাশ। |
| খ। | সহকারী প্রকৌশলী ই/এম (সাময়িক)<br>Assistant Engineer E/M (Casual)<br>সর্বসাকুল্য নির্ধারিত বেতন ২৭,১০০/- | ০৫ (পাঁচ) টি | সরকার কর্তৃক স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/পাওয়ার) পাশ। |
| গ। | সহকারী প্রকৌশলী আর্কিটেক্ট (সাময়িক)<br>Assistant Engineer Architect (Casual)<br>সর্বসাকুল্য নির্ধারিত বেতন ২৭,১০০/- | ০২ (দুই) টি | সরকার কর্তৃক স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে আর্কিটেক্ট বিষয়ে স্নাতক ডিগ্রীধারী। |

**আবেদনপত্র পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ**

১। **২৫ মার্চ ২০২০** তারিখে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে; তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর সর্বোচ্চ বয়স ৩২ বছর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যার সর্বোচ্চ বয়স ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেবিট গ্রহণযোগ্য নয়;

২। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান এবং প্রযোজ্যক্ষেত্রে পরিবর্তিত বিধি বিধান অনুসরণ করা হবে;

৩। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

৪। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবে;

৫। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

৬। **আবেদনপত্র পুরণ সংক্রান্ত শর্তাবলীঃ**

ক। এই বিজ্ঞপ্তির অধীনে আগ্রহী প্রার্থীগণকে নিম্নস্বাক্ষরকারীর বরাবর লিখিত আবেদন (সংযুক্ত ফরমে) **১৫ নভেম্বর ২০২০** তারিখের মধ্যে wksdte.so2sao@army.mil.bd ই-মেইল ঠিকানায় পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

খ। মৌখিক পরীক্ষার সময় সকল কাগজপত্রের মূল কপি প্রদর্শন পূর্বক প্রতিটির ০১ টি করে সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে। এছাড়াও প্রার্থীর সদ্যতোলা ০৪ (চার) কপি ছবি সত্যায়িত করে জমা দিতে হবে।

গ। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্যসহ বর্ণিত/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

ঘ। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৭। বিবিধঃ

ক। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.mes.org.bd ওয়েব সাইটে পাওয়া যাবে;

খ। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

গ। পরীক্ষার যাবতীয় বিষয়ে প্রার্থী কর্তৃক উল্লেখিত মোবাইল/ই-মেইল ঠিকানায় যোগাযোগ করা হবে।

পরিচালক
পূর্ত পরিদপ্তর
সেনাসদর, ই ইন সি'র শাখা
ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

# চাকুরির আবেদন ফরম

৫ × ৫ সে.মি.
(সম্প্রতি তোলা তিন কপি সত্যায়িত ছবি স্ট্যাপলার করতে হবে)

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম ঃ | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর ঃ | তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |

| | | |
|---|---|---|
| ৩. | প্রার্থীর নাম ঃ | বাংলায় ঃ |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে) ঃ |

| | | |
|---|---|---|
| ৪. | জাতীয় পরিচয় নম্বরঃ | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর ঃ | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৫. | জন্ম তারিখ ঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্মস্থান (জেলা) ঃ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ | বছর | মাস | দিন |

| | |
|---|---|
| ৮. | মাতার নাম ঃ |
| ৯. | পিতার নাম ঃ |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা ঃ | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) ঃ | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা ঃ | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড ঃ | | |
| | ডাকঘর ঃ | | |
| | পোস্টকোড নম্বর ঃ | | |
| | উপজেলা ঃ | | |
| | জেলা ঃ | | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | যোগাযোগ ঃ | মোবাইল/টেলিফোন নম্বর ঃ | ই-মেইল (যদি থাকে) ঃ |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তা ঃ | ১৩. | জেন্ডার ঃ |
| ১৪. | ধর্ম ঃ | ১৫. | পেশা ঃ |

১৬. শিক্ষাগত যোগ্যতা ঃ

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | |
|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) ঃ |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | কোটা (টিক দিন) ঃ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যারপুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) ঃ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২০. | পোস্টাল অর্ডার নম্বরঃ | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) ঃ | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ ঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |

..........................................................................
প্রার্থীর স্বাক্ষর